দৈনিক ইত্তেফাক

63

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ ... 22 JUN 1989 ...
পৃষ্ঠা ... ১/১ ... কলাম ...

# বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে সমন্বিত উদ্যোগ গ্রহণ করিতে হইবে —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে গতকাল (বুধবার) শিক্ষামন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সম্মেলন কক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত এক উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। সভায় ভাষণদানকালে শিক্ষামন্ত্রী বলেন,

(১১শ পৃ: দ্র:)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃষ্ঠার পর)

বিজ্ঞান ও প্রযুক্তির, ক্ষেত্রে আমাদেরকে অবশ্যই সমন্বিত উদ্যোগ গ্রহণ করিতে হইবে যাহাতে স্বল্প সময়ের মধ্যে দেশকে কাঙ্ক্ষিত অগ্রগতির দিকে আগাইয়া লইয়া যাওয়া যায়।

সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম এইচ খানের নেতৃত্বে একটি টাস্কফোর্স গঠন করা। এই টাস্কফোর্স প্রেসিডেন্ট এরশাদ ঘোষিত বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে জাতীয় আয়ের ১ দশমিক ১ ভাগ বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে প্রয়োজনীয় কর্ম পরিকল্পনা তৈরী করিবে। এই টাস্কফোর্সের অন্যান্য সদস্য হইলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ শমসের আলী, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজির পরিচালক অধ্যাপক নূরুল ইসলাম এবং পরিকল্পনা, অর্থ, বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের একজন করিয়া যুগ্মসচিব।

এর আগে সকালে আজিমপুর নতু[illegible]ল্টন লাইন উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী বলেন, এ বছর এইচ এস সি পরীক্ষায় নকল প্রবণতারোধে সরকার যে, দৃঢ় পদক্ষেপ নিয়াছেন তাহাতে গুটিকতক কেন্দ্র ছাড়া দেশের সর্বত্র শিক্ষক, ছাত্র, অভিভাবকসহ সকল মহলের সহযোগিতা পাওয়া যাইতেছে। তথ্য বিবরণী।